

বাংলাদেশ বার কাউন্সিল কার্যালয়

বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা।

www.barcouncil.gov.bd

নং-বিবিসি/এনরোল-২০২১/১৪৮০

তারিখঃ ২২-০৮-২০২১ইং

জরুরী বিজ্ঞপ্তি

অ্যাডভোকেটশীপ তালিকাভুক্তির মৌখিক পরীক্ষার রি-এ্যাপিয়ার ফরম ফিলাপ চলিবে (০৫-০৯-২০২১ইং) পর্যন্ত

এতদ্বারা স্মারক নং-বিবিসি/এনরোল-২০২১/১৪১৩, তারিখ: ৩০-০৬-২০২১ইং এবং নং-বিবিসি/এনরোল-২০২১/১৪২২, তারিখ: ১৫-০৭-২০২১ইং মূলে জারিকৃত বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, কোভিড-১৯ মহামারির কারণে সরকার ঘোষিত কঠোর লকডাউন ও এই সংক্রান্ত বিধি-নিষেধ চলমান থাকার প্রেক্ষিতে স্থগিতকৃত বাংলাদেশ বার কাউন্সিলের অ্যাডভোকেটশীপ তালিকাভুক্তির মৌখিক পরীক্ষা শীঘ্রই অনুষ্ঠিত হইবে। যাহারা বার কাউন্সিল বিধি 60B অনুযায়ী সর্বশেষ অনুষ্ঠিত দুইটি এনরোলমেন্ট মৌখিক পরীক্ষার যে কোনোটিতে (নভেম্বর ২০১৮ইং ও এপ্রিল ২০১৬ইং তে অনুষ্ঠিত) অনুত্তীর্ণ হইয়াছেন/অংশগ্রহণ করিতে ব্যর্থ হইয়াছেন, তাহাদের রি-এ্যাপিয়ার ফরম ফিলাপ কার্যক্রম আগামী ০৫-০৯-২০২১ইং তারিখ পর্যন্ত চলিবে।

উক্তরূপ প্রার্থীগণ ৫০০/- (পাঁচশত টাকা) ফরম ফি (বার কাউন্সিল অনুকূলে পে অর্ডার/ডিমান্ড ড্রাফট/ব্যাংক স্লীপে জমা করিয়া) এবং ১০০০/- (এক হাজার টাকা) পরীক্ষা ফি বাবদ (বার কাউন্সিল অনুকূলে পে অর্ডার/ ডিমান্ড ড্রাফট/ব্যাংক স্লীপে জমা করিয়া) আসন্ন মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন। তাহাদেরকে তিন কপি পাসপোর্ট সাইজের স্ব স্ব নামযুক্ত সত্যায়িত ছবি এবং সর্বশেষ পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপিসহ ০৫-০৯-২০২১ইং তারিখ পর্যন্ত নির্ধারিত আবেদন ফরম বার কাউন্সিল অফিসে দাখিল করিতে হইবে। তাহাদের মৌখিক পরীক্ষার প্রবেশপত্র বিতরণের সময়সূচী পরবর্তীতে ঘোষণা করা হইবে।

মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচী পরবর্তীতে ঘোষণা করা হইবে। মৌখিক পরীক্ষা সংক্রান্ত সকল বিজ্ঞপ্তি বার কাউন্সিলের অফিসিয়াল ওয়েব সাইটে (www.barcouncil.gov.bd) প্রকাশ করা হইবে।

আদেশক্রমে,

স্বা/-

(মোঃ রফিকুল ইসলাম)

সচিব

(সিনিয়র জেলা ও দায়রা জজ)

বাংলাদেশ বার কাউন্সিল

নং-বিবিসি/এনরোল-২০২১/১৪৮১(৮৩)

তারিখঃ ২২-০৮-২০২১ইং

সদয় অবগতি ও নোটিশ বোর্ডে আঁটিয়া দিয়া প্রচারের অনুরোধসহ অনুলিপি সম্পাদক,

..... আইনজীবী সমিতির বরাবরে প্রেরণ করা হইল।



স্বা/-

(মাহফুজুল মুর্শেদ)

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ বার কাউন্সিল